

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১০০৬(আগরতলা, ১৪।৬)

সোনামুড়া, ১৪ জুন, ২০১৮

### সোনামুড়ায় যুব সেমিনার

মেলাঘর পুর পরিষদ ভিত্তিক যুব সেমিনার আজ পুর পরিষদের কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে আয়োজিত এই সেমিনারের উদ্বোধন করেন বিধায়ক সুভাষ চন্দ্র দাস। জাতীয় সংহতি, দেশীয় সংস্কৃতির অগ্রগমন, জীবন মানের উন্নয়ন, গার্হস্থ্য হিংসা, মাদকাসক্তি, রক্তদান, মরণোত্তর দেহদান, চক্ষুদান, মহিলাদের নিরাপত্তা, দুর্যোগ মোকাবিলা প্রভৃতি বিষয়ের উপর বিশেষজ্ঞ ব্যক্তিগণ এই সেমিনারে আলোচনা করেন। মেলাঘর পুর এলাকার বিভিন্ন ক্লাবের যুবনেতৃত্ব, বিভিন্ন বিদ্যালয়ের এন এস এস স্বেচ্ছাসেবকগণ সেমিনারে অংশ গ্রহণ করেন। এক দিনের এই সেমিনারের উদ্বোধন করে বিধায়ক সুভাষ দাস যুব সমাজকে সচেতন, সুশৃঙ্খল, দায়িত্ববান নাগরিক হতে আহ্বান জানান। তিনি বলেন, যুবকরা প্রাণ শক্তিতে ভরপুর, তাদের শক্তি, সাহস, উদ্যম রয়েছে। এই যুবশক্তিকে সু-সংগঠিতভাবে সুস্থ সমাজ ও সুন্দর দেশ গঠনে এগিয়ে আসতে তিনি আহ্বান জানান। এ দিনের সেমিনারে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশিষ্ট সমাজসেবী হরেকৃষ্ণ দাস, যতীন্দ্র ঘোষ, সুপাঙ্ক সরকার প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশিষ্ট শিক্ষাবিদ হরিপদ দাস। আলোচনায় তিনি বলেন, যৌবন হচ্ছে জীবনের সব চাইতে মূল্যবান সময়। এই সময়টাকে সৃষ্টিশীল কাজে লাগাতে এবং যুবকদের ভয়মুক্ত, নিভীকভাবে বিবেকানন্দের আদর্শে অনুপ্রাণিত হয়ে দেশ গড়ার কাজে এগিয়ে আসতে তিনি আহ্বান জানান।

সেমিনারে বারটি সামাজিক বিষয়ের উপর বিস্তারিত আলোচনা করেন বিশিষ্ট শিক্ষক নারায়ণ সাহা, জাতীয় যুব পুরস্কার প্রাপক লিটন শীল, চিকিৎসক দীপক চক্রবর্তী, মহকুমা পুলিশ আধিকারিক রাজদীপ দেব এবং যুব সংগঠক শ্যামল বর্ধন।

\*\*\*\*\*